**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে আগামীকাল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন । অবাধ ও সুষ্ঠুভাবে ভোটগ্রহনের জন্য রাজ্য নির্বাচন কমিশন সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে ।**

**(২) নির্বাচন কমিশন রাজ্যসভায় ত্রিপুরার একটি আসন সহ নয়টি রাজ্যের মোট ১২টি শূন্য আসনে নির্বাচনের দিনক্ষণ আজ ঘোষণা করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দশম জাতীয় হস্ত তাঁত দিবসে ভোকাল ফর লোকাল এর উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(৪) প্যারিস অলিম্পিকে ভিনেশ ফোগাটকে মহিলাদের ৫০ কেজি বিভাগের কুস্তিতে ফাইনালে লড়াইয়ের আগে বাতিল করায় ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশন তীব্র প্রতিবাদ জানিয়েছে ।**

**************************************************

**Panchayet Election :**

রাজ্যে আগামীকাল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ করা হবে। সকাল ৭টা থেকে ভোট গ্রহণ শুরু হবে। চলবে বিকেল

৪টা পর্যন্ত। ত্রিস্তর পঞ্চায়েতে মোট ৬ হাজার ৯০৯টি আসনের মধ্যে ভোট হবে ২ হাজার ১০৩টি আসনে। প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন মোট ৪ হাজার ৭৬১ জন প্রার্থী। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। ভোটপর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্য নির্বাচন কমিশন প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে।

রাজ্যের নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন, ভোট সামগ্রী নিয়ে ভোটকর্মীরা ইতিমধ্যে নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন। তিনি আরো জানান প্রতিটি ভোট কেন্দ্রে ন্যূনতম তিনজন নিরাপত্তা কর্মী মোতায়ন করা হয়েছে। তবে স্পর্শ কাতর এবং অতি স্পর্শকাতর ভোটকেন্দ্রে প্রয়োজন অনুসারে তিন জনের বেশি নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে। রাজ্যের ৩৫টি ব্লকে মোট ভোট কেন্দ্র রয়েছে ২ হাজার ২১৯টি। ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী সহ রাজ্যের প্রায় দশ হাজার নিরাপত্তা কর্মীকে ভোটের কাজে মোতায়েন করা হয়েছে।

****************************

**Panchayat Election-Unakoti :**

ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ আকাশবাণী'র জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানান, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি ভোটারদের নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানান।

ঊনকোটি জেলার গৌরনগর, চন্ডীপুর ও কুমারঘাট ব্লকের সর্বমোট ২৩৪টি ভোট কেন্দ্রে ভোটগ্রহণ করা হবে। জেলায় ভোটকর্মী রয়েছেন ১৪০৪ জন। ঊনকোটি জেলায় মোট ছয় কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ভোটে নিরাপত্তার দায়িত্বে রয়েছে। পঞ্চায়েত নির্বাচনে ঊনকোটি জেলায় ভোটার রয়েছেন ১ লক্ষ ২৮ হাজার ৭৩৭ জন।

*****************************

**Panchayet Election-Sepahijala :**

সিপাহীজলা জেলার ৬টি ব্লকের অন্তর্গত সবকটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটকর্মীরা পৌঁছে গেছেন। বিশালগড় ব্লকে ১১৯টি ভোটকেন্দ্রে, বক্সনগর ব্লকে ৫৬টি, চড়িলাম ব্লকে ৮টি ভোটকেন্দ্রে, মোহনভোগ ব্লকে ২৮টি, নলছড় ব্লকে ৩০টি ও কাঠালিয়া ব্লকে ৮৪টি ভোটকেন্দ্রে আগামীকাল ভোটগ্রহণ করা হবে।

***********************

**Panchayet Election-Holiday :**

রাজ্যের যেসব এলাকায় আগামীকাল পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে সেই সমস্ত এলাকায় সমস্ত সরকারি দপ্তর, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, আর্থিক সংস্থা এবং অন্যান্য প্রতিষ্ঠান বন্ধ থাকবে। পঞ্চায়েতের সাধারণ নির্বাচনে ভোটারগণ যাতে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেই লক্ষ্যে জনপ্রতিনিধিত্ব আইন ১৯৫১-এর ১৩৫বি ধারা অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়াও যে সমস্ত এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে সেখানে শিল্প প্রতিষ্ঠান, ফ্যাক্টরি আইন ১৯৪৮-এর আওতায় থাকা

রাজ্য সরকারের অধীনস্ত সমস্ত প্রতিষ্ঠানের কর্মরত কর্মচারিগণের জন্য সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। একইসঙ্গে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে অথবা অধিগৃহীত শিল্প প্রতিষ্ঠান সমূহে এবং অন্যান্য প্রতিষ্ঠান সমূহে কর্মরত কোনও ভোটার যদি যে সমস্ত এলাকায় ভোট হচ্ছে সেখানে না থেকে রাজ্যের অন্যান্য অংশে অবস্থান করেন তাদের ক্ষেত্রে স্পেশাল ক্যাজুয়েল লিভ দেওয়া হবে। এক্ষেত্রে ক্যাজুয়েল বা দৈনিক হাজিরার কর্মীরাও সবেতন ছুটি পাবে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।

**************************

**Election-Rajyasabha :**

নির্বাচন কমিশন রাজ্যসভায় ত্রিপুরার একটি আসন সহ নয়টি রাজ্যের মোট ১২টি শূন্য আসনে নির্বাচনের দিনক্ষণ আজ ঘোষণা করেছে। অন্যান্য রাজ্য গুলি হল, আসাম, বিহার, হরিয়ানা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, রাজস্থান, তেলেঙ্গানা ও উড়িষ্যা। শূন্য আসনগুলিতে নির্বাচন অনুষ্ঠিত হবে তেসরা সেপ্টেম্বর। কমিশনের নির্ঘন্ট অনুযায়ী রাজ্যসভার ১২টি শূন্য আসনে নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে আগামী ১৪ আগস্ট। ঐদিন থেকেই মনোনয়নপত্র গ্রহনের কাজ শুরু হবে। চলবে একুশে আগস্ট পর্যন্ত। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ২২শে আগস্ট। ত্রিপুরার ক্ষেত্রে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ২৬ আগস্ট। তেসরা সেপ্টেম্বর ভোট গ্রহণের পর ওই দিনই ভোট গণনা করা হবে। উল্লেখ্য, বিপ্লব কুমার দেব লোকসভার সংসদ হিসেবে নির্বাচিত হওয়ায় রাজ্যসভায় ত্রিপুরার একমাত্র আসনটি শূন্য হয়ে পড়ে।

**************************

**BSF DG :**

বিএসএফের মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী আজ আগরতলায় আসেন। ত্রিপুরায় ৮৫৬ কিলোমিটার দীর্ঘ ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে তিনি পর্যালোচনা বৈঠক করেন।

একদিনের সফরে এসে তিনি আগরতলার শালবাগানে ফ্রন্টিয়ার হেডকোয়ার্টারে বিএসএফের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। শ্রী চৌধুরী অনুপ্রবেশ এবং আন্তঃসীমান্ত অপরাধ প্রতিরোধে কর্তব্যরত বি.এস.এফ জওয়ানদের ভূমিকার প্রশংসা করেন।

তাঁর সংক্ষিপ্ত সফরে শ্রী চৌধুরী ত্রিপুরা পুলিশের ডিজি অমিতাভ রঞ্জন এবং পুলিশের গোয়েন্দা বিভাগের মহানির্দেশক অনুরাগ ধনকরের সঙ্গেও বৈঠক করেন।

***********************************

**Bangladesh :**

নোবেলজয়ী ডঃ মোহাম্মদ ইউনুসকে প্রধান করে বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বঙ্গভবনে বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিনের সঙ্গে তিন বাহিনীর প্রধান এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ১৩ জন সমন্বয়কদের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। রাষ্ট্রপতির প্রেস সচিব মোহাম্মদ জয়নাল আবেদীন জানান বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করে অন্তবর্তী সরকারের অন্য সদস্যদের নাম চূড়ান্ত করা হবে।

এদিকে বাংলাদেশের সেনাবাহিনীর শীর্ষ পর্যায়ে বড় ধরনের রদবদল করা হয়েছে।

এদিকে, বাংলাদেশের সেনা প্রধান ওয়াকার উজ জামান আজ সাংবাদিকদের জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের প্রধান হিসাবে অধ্যাপক মহম্মদ ইউনুস আগামীকাল রাতে শপথ গ্রহণ করবেন। এই সঙ্গে সরকারের ১৫ জন উপদেষ্টাও আগামীকাল শপথ গ্রহণ করতে পারেন।

*****************************

**PM :**

আজ সারাদেশে পালিত হচ্ছে দশম জাতীয় হস্ত তাঁত দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে তিনি সারাদেশে হস্ততাঁতের সমৃদ্ধ এবং প্রাণবন্ত ঐতিহ্যের জন্য অত্যন্ত গর্বিত। তিনি ভোকাল ফর লোকাল এর উপর গুরুত্ব আরোপ করেন।

*****************************

**National Handloom Day :**

হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, তাঁত শিল্পীদের নিজস্ব উদ্ভাবনী পণ্য সামগ্রীর আধুনিকীকরণ ও তাঁত শিল্পীদের আর্থ সামাজিক মান উন্নয়নে রাজ্য সরকার নানা প্রকল্প গ্রহণ করেছে। রাজ্যের সমস্ত ক্লাস্টার ও ওয়েভার্স সেন্টারগুলিকে আরও শক্তিশালী করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। দশম জাতীয় হস্ততাঁত দিবস উপলক্ষে আজ

আগরতলায় প্রজ্ঞাভবনে আয়োজিত আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি একথা বলেন। হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর এবং কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রণালয়ের ওয়েভার্স সার্ভিস সেন্টার যৌথভাবে এই আলোচনাচক্রের আয়োজন করে। উল্লেখ্য, আজ নয়াদিল্লির বিজ্ঞান ভবনে দশম জাতীয় হস্ততাঁত প্রদর্শনীর উদ্বোধন করেন উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। প্রজ্ঞাভবনে আলোচনাচক্রে জাতীয় হস্ততাঁত প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়। আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প নিগম লিমিটেডের চেয়ারম্যান বিধায়ক কিশোর বর্মণ, ওয়েভার্স সার্ভিস সেন্টারের উপঅধিকর্তা অর্ণব চৌধুরী, এনএইচডিসিএল'র সিনিয়র ম্যানেজার সুব্রত ভট্টাচার্য, রিসোর্সপার্সন প্রহ্লাদ দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ২০২৩ সালে বয়ন শিল্পে পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত শিল্পী স্মৃতিরেখা চাকমাকে এবং বয়নে ডিজি বুনাই কেডল্যাব সফটওয়ারের উপর প্রশিক্ষণ প্রাপ্ত ৫ জন আইটিআই সিনিয়ার ইনস্ট্রাকটরকে পুরস্কৃত করা হয়।

****************************

**Handloom Day-Notunnagar :**

জাতীয় তাঁত দিবস উপলক্ষ্যে আজ নতুননগরস্থিত দীঘালিয়া পঞ্চায়েতে বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার। অনুষ্ঠানে তাঁতশিল্পীদের সম্বর্ধনা জানানো হয়।

****************************

**Rabindranath :**

আজ বাইশে শ্রাবণ। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর প্রয়াণ দিবস। এই উপলক্ষে আগরতলার রবীন্দ্রভবনে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তাছাড়াও উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, মুখ্য আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান পরমাশ্রী দাশগুপ্ত।

***************************

**Awareness Programme-Belonia :**

আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ১০ দিনব্যাপী কর্মসূচির দ্বিতীয় দিনে আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ শাখা, এন সি সি, এন এস এস এবং বিলোনিয়া মহকুমা হাসপাতালের সহযোগিতায় রক্তশূন্যতা দূরীকরণ বিষয়ক আলোচনা সভা এবং আয়রন টেবলেট বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। আজাদী অ্যানিমিয়া সে এই শ্লোগানকে সামনে রেখে আয়োজিত কর্মসূচিতে কলেজের অধ্যক্ষ ড.মনোরঞ্জন দাস, কলেজ শিক্ষক সংসদের যুগ্ম সম্পাদক অধ্যাপক দীলিপ কুমার সেন, আধ্যাপিকা মৌজুরী ভৌমিক, অধ্যাপিকা অনিমা দাস এবং স্বাস্থ্যকর্মী নিত্য রঞ্জন দে প্রমুখ বক্তব্য রাখেন।

***************************

**Courtsey Meet :**

বিজেপি ত্রিপুরা প্রদেশের নবনিযুক্ত প্রভারী ডা: রাজদ্বীপ রায় আজ আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য।

*****************************

**Vinesh Fogat :**

প্যারিস অলিম্পিকে ভিনেশ ফোগাট মহিলাদের ৫০ কেজি বিভাগের কুস্তিতে ফাইনালে লড়াইয়ের আগে আজ তাঁর ওজন ৫০ কেজি থেকে প্রায় ১০০ গ্রাম বেশি হওয়ায় প্রতিযোগিতা থেকে বাতিল করা হয়। এ প্রসঙ্গে আজ লোকসভায় কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেন, ইউনাইটেড ওয়ার্ল্ড রেসলিং-এর কাছে এই সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়েছে ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশন।

ভিনেশ ফোগাটকে প্যারিস অলিম্পিক থেকে বাতিল করে দেওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে ভারতীয় অলিম্পিক সংস্থার প্রেসিডেন্ট পিটি ঊষার কাছে ঘটনা সম্পর্কে বিস্তারিত অবহিত হন। পিটি ঊষা বলেছেন, "ভিনেশের অযোগ্যতা খুবই বেদনাদায়ক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিজের এক্স হ্যান্ডেলে জানালেন, ভিনেশ ফোগাট ভারতের গর্ব ও প্রত্যেক ভারতীয়ের জন্য অনুপ্রেরণা।

*********************************

**Second Division Football :**

টিএফএ পরিচালিত দ্বিতীয় ডিভিশন ফুটবলে আজ ত্রিপুরা পুলিশ পাঁচ - এক গোলে হারিয়ে দিয়েছে নবোদয় সংঘকে। উমাকান্ত

মিনি স্টেডিয়ামে আয়োজিত এই খেলায় ত্রিপুরা পুলিশের পক্ষে স্ট্যালিং রিয়াং একাই তিনটি গোল করেন। বাকি ২টি গোল করেন প্রীতম হোসেন এবং জুয়েল দেববর্মা । নবোদয়ের হয়ে একমাত্র গোলটি করেন লাল রিন Darlong।

***********************

**Weather :**

আবহাওয়ার খবর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************